বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাঙার প্রতিবাদে মেহেরপুরে মহিলা আওয়ামী লীগের বিক্ষোভ

একাত্তরের পরাজিত শক্তি জামাত শিবির ও উগ্র মৌলবাদী গোষ্ঠী কুষ্টিয়া শহরের পাঁচ রাস্তার মোড়ে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ভাস্কর্য ভাংচুরের প্রতিবাদে প্রতিবাদী সভা ও বিক্ষোভ মিছিল করেছে মেহেরপুর জেলা মহিলা আওয়ামী লীগ।

মঙ্গলবার বিকেলে মেহেরপুর জেলা মহিলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদিকা লাভলী ইয়াসমিনের নেতৃত্বে প্রতিবাদী সভা ও বিক্ষোভ মিছিল হয়।

এসময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর উপজেলার সভানেত্রী সুফিয়া আখতার জামিলা, শহর সাংগঠনিক সম্পাদক ছফুরা খাতুন, মুজিবনগর উপজেলার সাধারাণ সম্পাদিকা মিনুয়ারা খাতুন, মেহেরপুর সদর থানার যুগ্ন সম্পাদিকা বেদানা খাতুনসহ বিভিন্ন ইউনিয়ন থেকে আসা মহিলা আওয়ামী লীগের নেতাকর্মীরা অংশ গ্রহণ করেন।

বার্সা কোচের চোখে ‘মেসি বনাম রোনালদো’

বার্সেলোনা ও জুভেন্টাসের চ্যাম্পিয়নস লিগ ম্যাচ দিয়ে দুই বছর পর প্রথমবার মুখোমুখি হচ্ছেন লিওনেল মেসি ও ক্রিস্টিয়ানো রোনালদো। মঙ্গলবারের এই ম্যাচের আগে মেসি না রোনালদো, কে সেরা- সেই বিতর্কে জড়াতে চান না বার্সা কোচ রোনাল্ড কোমান।

লা লিগায় মেসি-রোনালদো দ্বৈরথ এক অন্য পর্যায়ে চলে গিয়েছিল, যার শেষ হয় পর্তুগিজ উইঙ্গারের ঠিকানা বদলে। এই মৌসুমের চ্যাম্পিয়নস লিগ ড্রর পর আবার ভক্তরা নড়েচড়ে বসেছিল দুজনের

প্রতিদ্বন্দ্বিতা দেখতে। কিন্তু দুর্ভাগ্যবশত রোনালদো করোনাভাইরাসে আক্রান্ত হওয়ায় তুরিনে দেখা হয়নি তাদের মুখোমুখি লড়াই। ২-০ গোলে বার্সাকে জেতাতে ওই ম্যাচে পেনাল্টি থেকে দ্বিতীয় গোল করেন মেসি।

তবে এবার ন্যু ক্যাম্পে ফিরছেন রোনালদো। এই ম্যাচের আগে দুই ‘অবিশ্বাস্য’ প্রতিভাবান খেলোয়াড়ের শ্রেষ্ঠত্ব নিয়ে কোনও কথা বললেন না বার্সা কোচ। কোমান কেবল এই ম্যাচে তাদের খেলাটা উপভোগ করতে চান, ‘এটা চমৎকার যে এই দুই খেলোয়াড় দীর্ঘদিন ধরে বিশ্ব ফুটবলের শীর্ষ পর্যায়ে। তারা সেরা খেলোয়াড়, আমার মতে, গত ১০ থেকে ১৫ বছর ধরে। এতদিন ধরে সফল হওয়া অসাধারণ। তারা দুজনে প্রশংসার দাবি রাখে।’

দুজনের মধ্যে পার্থক্য খুব কম লক্ষ করেন বার্সা কোচ, ‘তারা আলাদা। কিন্তু গোল করা, হ্যাটট্রিক আর পুরস্কার জয়ে তাদের পরিসংখ্যান অবিশ্বাস্য। কে সেরা তা বলাটা বেমানান কারণ তারা অসাধারণ। তারা সেরা কিছু গোল আর শিরোপা দিয়ে আমাদের অনেক স্মরণীয় সন্ধ্যা উপহার দিয়েছে। আশা করি কাল রাতেও আমরা তাদের খেলা উপভোগ করতে পারবো।’

উল্লেখ্য, এরই মধ্যে নকআউট পর্ব নিশ্চিত করেছে বার্সেলোনা ও জুভেন্টাস। তবে আজকের ম্যাচের ফলাফলে গ্রুপ চ্যাম্পিয়ন নির্ধারিত হবে। ড্র করলে বার্সেলোনাই গ্রুপ চ্যাম্পিয়ন হবে। আগের লেগে জুভেন্টাসকে ২-০ গোলে হারিয়েছিল কাতালানরা। তাছাড়া পয়েন্ট তালিকায়ও এগিয়ে আছেন মেসিরা (বার্সেলোনা ১৫, জুভেন্টাস ১২)।

আজ দুপুরে চরমোনাই পীরের জরুরি সংবাদ সম্মেলন

জরুরি সংবাদ সম্মেলন ডেকেছেন ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির মুফতি সৈয়দ মুহাম্মদ রেজাউল করীম।

আজ দুপুর ১২টায় পুরানা পল্টনের সংগঠনটির কেন্দ্রীয় কার্যালয়ে এ

সম্মেলন অনুষ্ঠিত হবে।

জাতির পিতার ভাস্কর্যের বিরোধিতা করে বক্তব্য দেয়ায় দেশের তিন আলেমের বিরুদ্ধে ‘রাষ্ট্রদ্রোহের’ অভিযোগে মামলাসহ উদ্ভূত পরিস্থিতিতে তার এই সংবাদ সম্মেলন।

পদ্মায় ফেরি চালকের বুদ্ধিতে রক্ষা পেল ১৯ যানবাহন, বাঁচল ৪ শতাধিক প্রাণ

“ফেরির তলা ফেটে যাওয়ার পর বুঝলাম হাতে সময় কম। যেকোনও সময় ডুবে যাইতে পারে। পরে তাড়াতাড়ি করে ঘাটে সব যাত্রীবাহী গাড়ি আনলোড করি। কাউকে কিছু বুঝতে দেই নাই।”

পদ্মা নদীতে একটি দুর্ঘটনা কবলিত ফেরি ঘাটে এসে ডুবে যাবার আগে কীভাবে সাহসিকতার সাথে ফেরিটিতে থাকা ১৯টি যানবাহন ও বহু যাত্রীকে রক্ষা করেছেন, সেই বর্ণনা দিচ্ছিলেন চালক ফজলুল করিম।

ফেরিটিতে ফজলুল করিমের পদবি ইনচার্জ মাস্টার।

রাণীগঞ্জ নামের এই ফেরিটি একটি ডাম্ব ফেরি। অর্থাৎ এই ফেরিনৌকার নিজস্ব এঞ্জিন নেই, যানবাহন ওঠানোর পর অন্য একটি শক্তিশালী জাহাজ ফেরিটিকে ঠেলে নিয়ে যায়।

ব্রিটিশ শাসনামলে এই মডেলের ফেরিগুলোর প্রচলন হয়। যার কিছু এখনও পদ্মা নদীতে মুন্সিগঞ্জের মাওয়া ও শরীয়তপুরের জাজিরা প্রান্তের মধ্যে চলাচল করে।

রাণীগঞ্জ ফেরিটির বয়স অন্তত ষাট বছর হবে বলে জানা গেছে।

রবিবার রাত সাড়ে ১০টার দিকে ফেরিটি ৭টি ট্রাক, ৫টি যাত্রীবোঝাই বাস ও ৭টি ছোট গাড়ি নিয়ে মাওয়ার শিমুলিয়া ঘাট থেকে ছেড়ে যায় ফেরিটি। পাশেই চলছে পদ্মা সেতু নির্মাণের কাজ।

ফেরিটিতে যাত্রী ও কর্মীসহ চার শতাধিক মানুষ ছিল।

রাত এগারোটার দিকে পদ্মা সেতু সংলগ্ন হাজরা চ্যানেলের কাছাকাছি পৌঁছানোর পর সেতু স্থাপনের কাজে ব্যবহৃত ড্রেজারের পাইপের সাথে প্রবল বেগে ধাক্কা খায় ফেরিটি।

শব্দের উৎস খুঁজতে গিয়ে ফজলুল করিম দেখতে পান ফেরির তলা ফেটে প্রবল বেগে পানি প্রবেশ করছে।

প্রাথমিকভাবে সাব মার্সিবল পাম্প দিয়ে পানি নিষ্কাশনের চেষ্টা করেও ব্যর্থ হন। বুঝতে পারেন হাতে সময় কম। যেকোনও সময় ফেরি ডুবে যেতে পারে।

এমন অবস্থায় ফেরির কর্মচারীদেরকে তিনি দায়িত্ব দেন বালি, কম্বল যা কিছু আছে সেগুলো দিয়ে যতোটা সম্ভব পানি প্রবেশ ঠেকাতে।

এরপর তিনি দ্রুত গতিতে ঘাটের দিকে রওনা হন।

তখনও ঘন কুয়াশা না পড়ায় ২০ মিনিটের মধ্যে বাংলাবাজার ঘাটে পৌঁছে যায় ফেরিটি।

ততোক্ষণে ফেরির ওপরে পানি উঠতে শুরু করেছে বলে জানান ফজলুল করিম।

কিন্তু তিনি কোনও যাত্রীকে এ বিষয়ে কিছু জানাননি।

একে একে সব গাড়ি আনলোড করার পর তিনি ঘাটের উল্টো পাশেই ফেরিটি নোঙর করেন।

ফেরির কর্মী ও পরবর্তীতে ফায়ার সার্ভিসের কর্মকর্তারা পানি নিষ্কাশনের চেষ্টা করেও ব্যর্থ হন।

মধ্যরাতে সম্পূর্ণ ফেরিটির নব্বই শতাংশ ডুবে যায়।

“আমার জীবনে এমন অভিজ্ঞতা এটাই প্রথম। আমার মাথাতে এটাই ছিল যে ঘাবড়ানো যাবে না। আমি ধৈর্য হারাই নাই আর জাহাজের কোনও যাত্রীকে বুঝতে দেই নাই যে এই ঘটনা ঘটেছে। কেউ বুঝেও নাই, কতো বড় বিপদ থেকে আল্লাহয় আমাদের বাঁচাইছে,” বলছিলেন ফজলুল করিম।

ফেরিটি এখনও নদীর কিনারে অর্ধনিমজ্জিত অবস্থায় আছে।

ফেরিটি তুলে আনার জন্য ঘটনাস্থলে উদ্ধারকারী জাহাজ নির্ভীক কাজ করছে বলে জানা গেছে।

এ ঘটনায় থানায় একটি সাধারণ ডায়রি করেছেন ফজলুল করিম।

রাশিয়ার ভয়ঙ্কর যুদ্ধবিমানের ধাওয়া খেয়ে পালাল মার্কিন ও ফরাসি গোয়েন্দা বিমান

বাল্টিক সাগরের আকাশে আমেরিকা ও ফ্রান্সের একাধিক গোয়েন্দা বিমানকে তাড়িয়ে দিয়েছে রাশিয়ার ভয়ঙ্কর যুদ্ধবিমান সুখোই এস-৩০।

রুশ প্রতিরক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, বাল্টিক সাগরের আকাশে আমেরিকা ও রাশিয়ার দু’টি জঙ্গিবিমান ও একটি মার্কিন জ্বালানি সরবরাহকারী বিমানকে শনাক্ত করে সেগুলোকে তাড়িয়ে দেওয়া হয়েছে।

রাশিয়ার বার্তা সংস্থা স্পুৎনিক এ খবর জানিয়ে বলেছে, দেশটির প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা সোমবার বাল্টিক সাগরের আকাশে এমন কিছু লক্ষ্যবস্তু শনাক্ত করে যেগুলো রাশিয়ার আকাশসীমার দিকে অগ্রসর হচ্ছিল।

রাডার ব্যবস্থায় এসব চলমান লক্ষ্যবস্তু ধরা পড়ার পর রাশিয়ার দক্ষিণাঞ্চলীয় বিমান বহরের একটি সুখোই এস-৩০ যুদ্ধবিমান আকাশে উড্ডয়ন করে এবং লক্ষ্যবস্তুগুলোর দিকে এগিয়ে যায়।

রুশ যুদ্ধবিমানটি আকাশে মার্কিন বিমান বাহিনীর আরসি-১৩৫ মডেলের একটি গোয়েন্দা বিমান, কেএস-১৩৫ মডেলের একটি জ্বালানি সরবরাহকারী বিমান এবং ফ্রান্সের সি-১৬০ মডেলের একটি গোয়েন্দা বিমানের সন্ধান পায়।এ অবস্থায় সুখোই-৩০ যুদ্ধবিমানটি আমেরিকা ও ফ্রান্সের বিমানগুলোকে তাড়া করে এবং তাদেরকে বাল্টিক সাগরের শেষ সীমায় পৌঁছে দিয়ে নিজ ঘাঁটিতে ফিরে আসে।

তুরস্কের উপর নিষেধাজ্ঞা জারির পরিকল্পনা জোরদার

তুরস্কের উপর নিষেধাজ্ঞা জারির পরিকল্পনা আরো জোরদার হচ্ছে। আগামী ১০ ডিসেম্বর ইউরোপীয় ইউনিয়নে ইউরোপের পররাষ্ট্রমন্ত্রীদের বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হতে পারে।

গত অগাস্ট মাস থেকে গ্রিস এবং তুরস্কের মধ্যে বিতর্ক চলছে। ভূমধ্যসাগরের একটি অংশে খনিজ তেলের সন্ধান মিলেছে। কী ভাবে সেই উত্তোলন করা সম্ভব তা দেখার জন্য সেখানে জাহাজ পাঠিয়েছে তুরস্ক। কিন্তু গ্রিসের দাবি ওই এলাকা তাদের। ফলে দ্রুত তুরস্ককে জাহাজ সরিয়ে নিতে বলে তারা। গত চার মাসে তুরস্ক একবারই কেবল ভূমধ্যসাগরের ওই এলাকা থেকে জাহাজ সরিয়েছিল। কিন্তু তারপর আবার তারা সেখানে জাহাজ পাঠায়।

তুরস্কের প্রেসিডেন্ট রিসেফ তাইয়েপ এরদোয়ান জানিয়েছিলেন, তেল উত্তোলনের পরীক্ষা জারি থাকবে। কারো নিষেধ তুরস্ক মানবে না, কারণ ওই এলাকা গ্রিসের নয়।

উরোপীয় ইউনিয়ন দীর্ঘদিন ধরেই এই বিতর্কে অংশগ্রহণ করেছে। গ্রিসের পাশাপাশি তারাও তুরস্ককে জাহাজ সরিয়ে নেওয়ার অনুরোধ করেছিল। কিন্তু তুরস্ক তাতে কান দেয়নি। ইইউ চেষ্টা করেছিল গ্রিস, তুরস্ক এবং সাইপ্রাসকে একসঙ্গে বসিয়ে বৈঠক করার। কিন্তু তাও সফল হয়নি। এই পরিস্থিতিতেই সোমবার ইউরোপীয় ইউনিয়নের বিভিন্ন দেশের পররাষ্ট্রমন্ত্রীদের মধ্যে একটি বৈঠক হয়, সেখানে তুরস্কের উপর নিষেধাজ্ঞা চাপানো নিয়ে দীর্ঘ আলোচনা হয়।

জার্মানির পররাষ্ট্রমন্ত্রী হাইকো মাস বলেন, তুরস্ক যে আচরণ করছে, তাতে তাদের উপর নিষেধাজ্ঞা না চাপিয়ে আর কোনো উপায় নেই। আগামী ১০ তারিখ ফের বৈঠকে বসবেন পররাষ্ট্রমন্ত্রীরা। সেখানেই সিদ্ধান্ত হতে পারে। ফ্রান্সও চাইছে ইইউ তুরস্কের উপর নিষেধাজ্ঞা জারি করুক।

নিষেধাজ্ঞা চাপলে তুরস্কের সঙ্গে অস্ত্রের ব্যবসা বন্ধ হতে পারে

ইউরোপীয় ইউনিয়নের। তেল এবং খনিজের উপরেও নিষেধাজ্ঞা চাপানো হতে পারে।

এরদোয়ান অবশ্য সোমবারেই বলেছেন গ্রিসের সঙ্গে বৈঠকে বসতে তিনি রাজি। তবে ইউরোপীয় ইউনিয়ন বিষয়টিকে অন্ধের মতো দেখছে বলে দাবি করেছেন তিনি। তার বক্তব্য, বিতর্কটি নিয়ে ইউরোপীয় ইউনিয়ন যে আচরণ করছে, তা আশাব্যঞ্জক নয়।

গাংনীতে কিশোরের ডাক’র উদ্যোগে শীতবস্ত্র বিতরণ

মেহেরপুরের গাংনী এতিমখানায় এতিমদের মধ্যে শীতবস্ত্র বিতরণ করেছে “কিশোরের ডাক” নামের একটি স্বেচ্ছাসেবী সংগঠন।

গতকাল সোমবার সকাল ১০ টার দিকে ২৮ জন শিশু কিশোরের মাঝে এ অনুসঙ্গ বিতরণ করা হয়।

সংগঠনের সভাপতি আব্দুল্লাহ আল নোমানের সভাপতিত্বে অতিথি ছিলেন গাংনী বাজারের বিশিষ্ট ব্যবসায়ী আব্দুল হান্নান, গাংনী প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহবুব আলম, মেহেরপুর প্রতিদিন যুগ্ম-সস্মাদক আল-আমিন, তোফায়েল হোসেন ও রফিকুল ইসলাম বকুল।

এ সময় গাংনী এতিমখানা সুপারিনটেনডেন্ট মিজানুর রহমান, সহকারী শিক্ষক হাফেজ তাওহিদুল ইসলাম, মাঠ সহকারী আব্দুল খালেক, নিবাসীদের খেদমতকারী আব্দুল মোমিন ও কিশোরের ডাক সংগঠনের ফয়সাল মাহমুদ, মেহনাজ সিদ্দিকী, ঈষাণ ও রাতুল হাসান আপনসহ এতিমখানার শিশু কিশোররা উপস্থিত ছিলেন।

ভাস্কর্য ভাঙচুরের প্রতিবাদে গাংনীতে বিক্ষোভ

জাতির জনকের ভাস্কর্য ভাঙচুর ও স্বাধীনতা বিরোধী শক্তির অপপ্রচারের বিরুদ্ধে মেহেরপুরের গাংনীতে বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ করেছে আওয়ামী লীগ। গতকাল সোমবার বিকালে গাংনী প্রধান সড়কে বিক্ষোভ মিছিল শেষে বাস স্ট্যান্ডে সমাবেশ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

অনুষ্ঠানে অতিথি হিসেবে বক্তৃতা করেন জেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহীন। বক্তব্য রাখেন উপজেলা আওয়ামী লীগ সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, যুগ্ম-সম্পাদক নাজমুল হুদা, সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম, সাবেক মহিলা ভাইস চেয়ারম্যান সেলিনা মমতাজ কাকলী, পৌর আ.লীগ সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, আওয়ামী লীগ নেতা আক্তারুজ্জামান বাবু, যুব মহিলা লীগের কেন্দ্রী নেত্রী শাহানা ইসলাম শান্তনা,

জেলা আ.লীগের ত্রাণ ও পুনর্বাসন বিষয়ক সম্পাদক মিজানুর রহমান রানা, মটমুড়া ইউপি চেয়ারম্যান সোহেল আহম্মেদ, রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু, রাইপুর ইউনিয়ন আ.লীগ সাধারণ সম্পাদক হাফিজুর রহমান মোকলেছ, উপজেলা ছাত্রলীগ সভাপতি আমিনুল ইসলাম সেন্টু, পৌল ছাত্রলীগ সভাপতি ডালিম রানাসহ নেতৃবৃন্দ। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন উপজেলা আ.লীগ সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান।

দামুড়হুদায় ৪২তম জাতীয় বিজ্ঞান

ও প্রযুক্তি সপ্তাহ সম্পন্ন

দামুড়হুদায় ৪২তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উপলক্ষে বিজ্ঞান মেলা সম্পন্ন হয়েছে। সোমবার বেলা ১১টার দিকে দামুড়হুদা উপজেলা পরিষদ অডিটরিয়মে মেলাটি সম্পন্ন হয়।

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর এর আয়োজনে এ মেলা উপলক্ষে আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্টিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদ চেয়ারম্যান আলি মুনছুর বাবু, বিশেষ অতিথি ছিলেন উপজেলা ম্যাধমিক শিক্ষা কর্মকর্তা আ:মতিন, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সাকি সালাম, একাডেমিক সুপারভাইজার রাফিজুল ইসলাম।

দিনব্যাপী বিজ্ঞান মেলায় তিনটি গ্রুপে পুরস্কার বিতরণ করা হয়। জুনিয়ন গ্রুপ ১ম স্থান অধিকার করেন দর্শনা কেরু উচ্চ বিদ্যালয়, ২য় স্থান অধিকার করে দামুড়হুদা ব্রাক মাধ্যমিক বিদ্যালয়, ৩য় স্থান অধিকার করে দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুল। সিনিয়র গ্রুপে ১ম স্থান অধিকার করে দর্শনা

সরকারি কলেজ, ২য় স্থান অধিকার করে দামুড়হুদা আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রী কলেজ, ৩য় স্থান অধিকার করে কার্পাসডাঙ্গা ডিগ্রী কলেজ। বিশেষ গ্রুপে নির্বাচিত হয় দামুড়হুদা উপজেলা শিক্ষা বিভাগ।

উপস্থিত বক্তিতায় জুনিয়র গ্রুপ ১ম স্থান অধিকার করে কেরু উচ্চ বিদ্যালয়ের তাসলিম লাবিব, ২য় স্থান অধিকার করে রিফাত রহমান, ৩য় স্থান অধিকার করে ব্রাক মাধ্যমিক বিদ্যালয়ের নাজনিন আক্তার।

সিনিয়র গ্রুপের ১ম স্থান অধিকার করে দর্শনা সরকারি কলেজের নাসিম পারভেজ, ২য় স্থান অধিকার করে কার্পাসডাঙ্গা ডিগ্রী কলেজের রতন রহমান, ৩য় স্থান অধিকার করে দর্শনা সরকারি কলেজের খাইরুল আলম।

মেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ১১টি স্টল অংগ্রহণ করে।

তদন্ত শুরুর আগেই হতে যাচ্ছে তদন্ত কর্মকর্তার পরিবর্তন

ঝিনাইদহের কোটচাঁদপুরে ক্লিনিকে রোগী মৃত্যুর ঘটনায় গঠিত তদন্ত কমিটির তদন্ত শুরুর আগেই পরিবর্তন হতে যাচ্ছে তদন্ত কর্মকর্তা। তদন্ত কমিটিতে পরিবর্তনের বিষয়টি নিশ্চিত করেছেন ঝিনাইদহের সিভিল সার্জন ডাঃ সেলিনা বেগম ।

সম্প্রতি কোটচাঁদপুরে একটি ক্লিনিকে ডাক্তার ফাহিমের হাতে সিজারিয়ান অপারেশনে প্রসূতি মারা যায়। এ ছাড়া আরো দুইটি ক্লিনিকে ওই ডাক্তারের দ্বারা একই অপারেশন করে রোগীরা আর্থিক ভাবে ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়। বিষয়টি নিয়ে বেশ কয়েকটি পত্রিকায় ধারাবাহিক ভাবে সংবাদ প্রকাশিত হয়।

এ ঘটনাটি ঝিনাইদহের সিভিল সার্জন গুরুত্বের সঙ্গে নিয়ে গেল সপ্তাহে একটি তদন্ত কমিটি গঠন করেন। যার প্রধান করেন কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদকে। এর মধ্যে স্বজন প্রীতির অভিযোগ ওঠে ডাক্তার আব্দুর রশিদের বিরুদ্ধে। বিষয়টি বিভিন্ন মাধ্যমে জানতে পেরে সিভিল সার্জন কমিটির প্রধানকে পরিবর্তনের কথা ভাবছেন বলে জানান।

কথা হয় তদন্ত কমিটির প্রধান ও কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদের সঙ্গে তিনি বলেন, আমি তদন্ত কমিটি থেকে ইস্তফা দিয়েছি।

এ ব্যাপারে ঝিনাইদহের সিভিল সার্জন ডাঃ সেলিনা বেগম জানান, সাংবাদিকসহ অন্যান্য মাধমে জানতে পারলাম ডাক্তার আব্দুর রশিদ অভিযুক্ত ডাক্তার ফাহিমের বন্ধু। এ কারণে তদন্তে ব্যাঘাত হতে পারে, ফলে কমিটি পরিবর্তনের কথা ভাবছি।